সাধারণত নেয়ামত ও অনুগ্রহের বিনিময়েই হয়ে থাকে। কিন্তু হামদএর জন্য তা শর্ত নয়। অর্থাৎ হামদ হচ্ছে নেয়ামত প্রদানকারীর সৌন্দর্য বর্ণনা করা। তা নেয়ামতের বিনিময়ে হোক বা নেয়ামত ছাড়াই হোক। অর্থাৎ সৃষ্টির প্রতি আল্লাহর নেয়ামত এত ব্যাপক যে, তা গণনা করে শেষ করা যাবেনা। সুতরাং প্রত্যেকবার حمد (প্রশংসা) করার পূর্বে যে আল্লাহর নেয়ামত পেতে হবে, এমনটি নয়। বরং আল্লাহ তাআলা সৃষ্টির প্রতি যে নেয়ামত সর্বদা প্রসারিত করে রেখেছেন, তার জন্য সর্বাবস্থায় আল্লাহর প্রশংসা করাকে পরিভাষায় হামদ বলা হয়। আর নির্দিষ্ট কোন নেয়ামত প্রাপ্ত হয়ে যে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়, তাকে পরিভাষায় شكر বলা হয়। কেউ কেউ حمدএর সংজ্ঞায় বলেনঃ هو الثناء باللسان على الجميل الاختياري অর্থাৎ জবানের মাধ্যমে স্বেচ্ছায় কৃত সৌন্দর্যের উপর কারো প্রশংসা বর্ণনা করাকে হামদ বলা হয়। আল্লামা ইবনুল কাইয়্যিম (রঃ) বলেনঃفالحمد إخبار عن محاسن المحمود مع حبه وإجلاله وتعظيمه ভালবাসা ও সম্মানের সাথে প্রশংসিত সত্তার (আল্লাহ তাআলার) সৌন্দর্য বর্ণনা করাকে হামদ বলা হয়। হামদ ও শোকরের মধ্যে পার্থক্য হচ্ছে, (১) শোকর শুধু নেয়ামতের বিনিময়েই হয়ে থাকে, কিন্তু হামদের জন্য নেয়ামত শর্ত নয়। নেয়ামত ছাড়াও তা হতে পারে। (২) হামদ শুধু জবানের কথার মাধ্যমেই হয়, কিন্তু শোকর জবান, হাত, অন্তর এবং অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমেও হয়। (আল্লাহই সর্বাধিক অবগত রয়েছেন)

[3] - আল্লামা ডঃ সালেহ আল ফাওযান বলেনঃ সকল মাখলুকই স্বীয় জবান দ্বারাই তাসবীহ পাঠ করে। তিনি আরো বলেনঃ যারা বলে বাকশক্তিহীন মাখলুক স্বীয় অবস্থার মাধ্যমে আল্লাহর তাসবীহ পাঠ করে, তাদের কথা বাতিল; বরং তারাও জবান দ্বারাই তাসবীহ পাঠ করে। আল্লাহ তাআলা তাদের তাসবীহ পাঠের ধরণ সম্পর্কে জানেন। কিন্তু আমরা জানিনা। মূলতঃ তারা প্রকৃতভাবেই তাসবীহ পাঠ করে। যেমন পাথরের তাসবীহ পাঠ, খাদ্যের তাসবীহ পাঠ ইত্যাদি। সাহাবীগণ বলেনঃ আমরা খাদ্যের তাসবীহ শুনতাম। অথচ উহাকে খাওয়া হচ্ছে।

[4] - এই আয়াত থেকেও প্রমাণিত হয় যে, আল্লাহ তাআলা উপরে। কেননা নাযিল উপর থেকেই হয়ে থাকে। এ থেকে আরো প্রমাণিত হয় যে, কুরআন আল্লাহর কালাম; মাখলুক নয়। কারণ তা আল্লাহর পক্ষ হতে নাযিল হয়েছে।

[5] - এখানে কুরআনকে ফুরকান বলা হয়েছে। এ ছাড়াও কুরআনের আরো অনেক নাম রয়েছে। যেমন কিতাব, যিকির, রূহ, নূর, হুদা ইত্যাদি। যে জিনিষের নাম হয় অধিক তার সম্মান ও মর্যাদাও হয় অধিক।

[6] - সুতরাং তাদের কাজগুলো যেহেতু তারাই বাস্তবায়ন করে, তাই ভাল কাজ করলে তাদেরকে ভাল পুরস্কার দেয়া হবে আর খারাপ কাজ করলে শাস্তিও তারাই পাবে।

[7] - মুশরেকদের হাতে কোন দলীল নেই। তারা শুধু পূর্ব পুরুষদের অন্ধ অনুসরণ করেই শির্ক করে থাকে। ইবরাহীম (আঃ) যখন তাঁর পিতাকে এবং তাঁর স্বগোত্রীয় লোকদেরকে বললেনঃ مَا هَٰذِهِ التَّمَاثِيلُ الَّتِي أَنتُمْ لَهَا عَاكِفُونَ “তোমরা যে মূর্তিগুলোর এবাদত করছ, এগুলো কী? (সূরা আম্বীয়াঃ ৫২) অর্থাৎ এগুলোর এবাদতের পক্ষে কোন দলীল আছে কি? এগুলো কি তোমাদের কোন উপকার করতে পারে? তার জাতির লোকেরা জবাবে

